

**মোহনপুর ইউনিয়ন পরিষদ**  
**উপজেলা : সুনামগঞ্জ, জেলা : সুনামগঞ্জ।**

৮নং মোহনপুর ইউনিয়ন পরিষদের এপ্রিল/২০১৯ খ্রি: মাসের সাধারণ সভার কার্যবিবরণী :

সভার সভাপতি : জনাব মো: নুরুল হক, চেয়ারম্যান, ৮নং মোহনপুর ইউনিয়ন পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

সভার তারিখ : ১৮-০৪-২০১৯ খ্রি: রোজ : বৃহস্পতিবার সময় : সাকল ১০.০০ ঘটিকা

সভার স্থান : অস্থায়ী কার্যালয়, জয়নগর বাজার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

ইউপি সভায় উপস্থিত সদস্যগনের নাম :

ক্র: নং	উপস্থিত সদস্যগনের নাম	পদবী	ওয়ার্ড নং	স্বাক্ষর
০১	জনাব মো: নুরুল হক	চেয়ারম্যান	১-৯	স্বাক্ষরিত
০২	বেগম সন্ধা রাণী দেব	সংরক্ষিতমহিলা	১.২.৩	স্বাক্ষরিত
০৩	বেগম স্বপ্না বেগম	সংরক্ষিত মহিলা	৪.৫.৬	স্বাক্ষরিত
০৪	বেগম মোছা: আছিয়া খাতুন	সংরক্ষিত মহিলা	৭.৮.৯	স্বাক্ষরিত
০৫	জনাব মো: তৈয়বুর রহমান	সাধারণ সদস্য	১নং	স্বাক্ষরিত
০৬	জনাব মামুন রশিদ সেলিম	সাধারণ সদস্য	৩নং	স্বাক্ষরিত
০৭	জনাব মো: শামছুন নূর	সাধারণ সদস্য	৪নং	স্বাক্ষরিত
০৮	জনাব মো: রহিছ মিয়া	সাধারণ সদস্য	৫নং	স্বাক্ষরিত
১০	জনাব মো: নুরুল ইসলাম	সাধারণ সদস্য	৭ নং	স্বাক্ষরিত
১১	জনাব মো: আব্দুস ছোবান	সাধারণ সদস্য	৮নং	স্বাক্ষরিত
১২	জনাব মো: আজিম উদ্দিন	সাধারণ সদস্য	৯নং	স্বাক্ষরিত

**আলোচ্যসূচী:**

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। হোল্ডিং এসেসমেণ্ট এবং ইউ/পি ট্যাক্স আদায় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
- ৩। রাজস্ব তহবিলের আওতায় প্রকল্প গ্রহণ।
- ৪। ২০১৮-২০১৯ অর্থ বছরে ২য় কিস্তির কর্মসূজন কর্মসূচীর আওতায় প্রকল্প গ্রহণ।

ক্র: নং	বিবরণ	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	অদ্যকার সভার সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়।	বিগত সভার কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।	
২	সভাপতি সভাকে জানান যে, ২০১৮-২০১৯ অর্থসনে বকেয়াসহ হালনাগাদ বসতবাড়ীর উপর ধার্যকৃত ট্যাক্স বিগত ০৭/০৪/২০১৯ তারিখ হতে এ পর্যন্ত ৩০৬৩৬০/= টাকা আদায় করা হয়েছে এবং এ অর্থ ব্যাংকে জমা করা হয়েছে। যুব সমাজ কল্যাণ সংস্থা(জেএসকেএস), জেল রোড, রংপুর ট্যাক্স আদায় কার্যক্রম বাস্তবায়ন করছে। অত্র পরিষদের হিসাব রক্ষক সাগরিকা আচার্য প্রতিদিন আদায়কৃত ট্যাক্স এর অর্থ বুজে নিয়ে ব্যাংকে জমা করছেন। তিনি এ কাজে সকলের সর্বান্তক সহযোগীতা কামনা করেন।	ট্যাক্স আদায় কার্যক্রমকে গতিশীল করতে সকলকে আদায়কারীদের প্রতি দৃষ্টি রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	মোহনপুর ইউ/পি, জেএসকেএস।
৩	ইউ/পি সদস্য জনাব মো: শামছুন নূর মিয়া বলেন ডাকুয়ার হাওড়ের বাধের কয়েকটি জায়গায় ভেঙ্গে গিয়ে খাদের সৃষ্টি হয়েছে যেখানে দ্রোত মাটি ভরাট করা দরকার তা না হলে বৃষ্টি হলে ফসলের ব্যাপক ক্ষতি হতে পারে। ইউ/পি সদস্য জনাবা স্বপ্না বেগম বলেন ইতোমধ্যে অত্র ইউনিয়নের বিভিন্ন প্রতিষ্ঠানে ২৬ টি মানসম্মত জাতীয় পতাকা ও ১৪ টি স্টিলের স্ট্যান্ড বিতরণ করা হয়েছে যেখানে খরচ	মানসম্মত জাতীয় পতাকা ও স্ট্যান্ড সরবরাহের বিপরীতে বেগম স্বপ্না বেগমকে বকেয়া ১২০০০/= টাকা পরিশোধ করাসহ	ইউনিয়ন পরিষদ,

	<p>হয়েছে(২৬×৩০০= ৭৮০০/=) এবং (১৪×৩২০০= ৪৪৮০০/=) মোট খরচ হয়েছে ৫২৬০০/= বায়ন হাজার ছয়শত টাকা। এখানে ইতোপূর্বে অর্থ উত্তোলন করা হয়েছে ৪০০০০/= চলিশ হাজার টাকা। তিনি বকেয়া টাকা প্রদানের জন্য সভাপতিকে অনুরোধ জানান। এছাড়াও সভাপতি সভাকে জানান যে, ডিজিটাল সেন্টারের ফটোকপি মেশিনটি নষ্ট হয়ে যাওয়ায় কোন কাজ করা যাচ্ছে না। মেশিনটি জরুরীভিত্তিতে মেরামত করা প্রয়োজন।</p> <p>সভায় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত কাজসমূহ বাস্তবায়নের জন্য রাজস্ব তহবিল হতে অর্থ খরচ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>১। ডাকুয়ার হাওরের বেরীবাধ মেরামত। ২৬০০০/=</p> <p>২। মানসম্মত জাতীয় পতাকা ও স্ট্যান্ড বিতরণের বকেয়া টাকা পরিশোধ করা। ১২৬০০/=</p> <p>৩। স্টেশনারী সামগ্রী ও প্রিন্টারের টুনার ক্রয় করা। ৩০০০/=</p> <p>৪। ডিজিটাল সেন্টারের ফটোকপি মেশিন মেরামত। ১২০০০/=</p>	<p>প্রকল্পসমূহ বাস্তবায়নে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	
৮	<p>সভাপতি সভাকে জানান যে, ২০১৮-২০১৯ অর্থ বছরে ১৮/৪/১৯ তারিখের ০৫১.০১.৯০৮৯.০০০.৯৬.০৩০.১৯-৭৫৭ নং স্মারকের প্রেক্ষিতে অগ্র ইউনিয়নের অনুকূলে কর্মসূজন কর্মসূচীর আওতায় ২য় কিসিতে ১২৩ জন শ্রমিকের বিপরীতে মোট ৯৮৪০০০/= টাকা বরাদ্ধ পাওয়া গিয়েছে। এই বিষয়ে অগ্রাধিকার প্রকল্প নির্ধারণে আলোচনা করার জন্য সকলকে আমন্ত্রণ জানান। সভায় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের লক্ষ্যগ্রহণ ও অনুমোদন করা হয়।</p> <p>১। বাণীপুর নয়াহাটি মিজানের বাড়ীর সামনা হতে সাহাব উদ্দিনের বাড়ীর সামনের রাস্তা পর্যন্ত নির্মাণ।</p> <p>২। ব্রহ্মপুর গ্রামের আঃ নুরের বাড়ীর সামনা হতে ওয়াহিদুল্লার বাড়ীর সামনের পুরাতন কর্মসূজন রাস্তার মাথা পর্যন্ত রাস্তা নির্মাণ।</p>	<p>প্রকল্পসমূহ বাস্তবায়নের পক্ষে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>ইউনিয়ন পরিষদ ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সদর, সুনামগঞ্জ।</p>

অতঃপর সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি আবারও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: নুরুল হক)

চেয়ারম্যান

মোহনপুর ইউনিয়ন পরিষদ

সুনামগঞ্জ সদর।

স্মারক নং: /১৯

তারিখ: ২৫/০৪/২০১৯ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঁ:

১। উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

(মো: নুরুল হক)

চেয়ারম্যান

মোহনপুর ইউনিয়ন পরিষদ

সুনামগঞ্জ সদর।